

ধানবীজ রফতানি সংক্রান্ত সেমিনার

নিজস্ব প্রতিনিধি - ভারত ও বাংলাদেশের মধ্যে ধানবীজ আদানপ্রদান নিয়ে বৃহস্পতিবার এক সেমিনার অনুষ্ঠিত হল কলকাতা প্রেস ক্লাবে। মুক্তি নামে এক সংগঠন এই তরফে বলা হয়, দু'দেশের মধ্যে ধানের বীজ আদানপ্রদান বিষয়ে এক সমীক্ষা চালানো হয়। তাদের দাবি, ভারত ও বাংলাদেশের মধ্যে ধানবীজ আমদানি, রফতানির ক্ষেত্রটি খুব দুর্বল। বাংলাদেশের মোট চাহিদার ৪০ শতাংশ নিজেরাই উৎপন্ন করে। বাকিটা অন্যদেশ থেকে আমদানি করে বাংলাদেশ। সংগঠনের দাবি, দু'দেশের মধ্যে চোরা পথে ধানবীজ আদানপ্রদানের জন্য ব্যবসা মার খাচ্ছে। এবিষয়ে উপযুক্ত পদক্ষেপ নেওয়ার জন্য সরকারের কাছে দাবি জানিয়েছেন তারা।